



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ  
'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড'-এর অন্তর্ভুক্তি উদযাপন উপলক্ষে সেমিনার



জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কো কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণকে বিশ্ব ঐতিহ্য ও গুরুত্বপূর্ণ ঘটনার 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড'-এর তালিকায় গৌরবোজ্জ্বল অন্তর্ভুক্তি উদযাপন উপলক্ষে ১১ডিসেম্বর-২০১৭, সোমবার, সকাল: ১১.৩০টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের উদ্যোগে সেমিনার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর মাননীয় সদস্য বীর মুক্তিযোদ্ধা মুকুল বোস।

সেমিনারে মূল আলোচক হিসেবে বাংলাদেশ তথ্য কমিশনের তথ্য কমিশনার ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক ড. খুরশীদা বেগম এবং বিশেষ আলোচক হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বক্তব্য প্রদান করেন।

সূচনা বক্তব্য প্রদান করেন সেমিনারের সভাপতি এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী। রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক দীপক কুমার বিশ্বাস ও লুৎফুল্লাহর-এর সঞ্চালনায় ‘৭ মার্চের স্বাধীনতা ঘোষণা ও ইউনেস্কোর মেমোরি অব দ্য ওয়ার্ল্ড এর স্বীকৃতি’ শীর্ষক মূল প্রবন্ধ রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক রাকিবা সুলতানা রত্না এবং ‘বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ: একটি তাত্ত্বিক বিশ্লেষণ’ শীর্ষক মূল প্রবন্ধ সহকারী অধ্যাপক নূরানা মূল প্রবন্ধ উপস্থাপন করেন। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও ছাত্রনেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।